## ঢাকার ৪ নদী রক্ষায় আপিল বিভাগের ০৩.০৫.২০১০ তারিখের রায়ের বিরুদ্ধে ৫ প্রতিষ্ঠানের রিভিউ পিটিশন খারিজ করে রায় দিয়েছেন আপিল বিভাগ।

---------------------------------------------------------------------------------------------

বুড়িগংগা,শীতলক্ষা,বালু ও তুরাগ নদী দখল মুক্ত ও রক্ষার জন্য জনস্বার্থে হিউম্যান রাইটস এন্ড পীস ফর বাংলাদেশ **(HRPB)** কতৃক দায়েরকৃত রীট মামলায় ২৫.০৬.২০০৯ তারিখে হাইকোর্ট রায় দেবার পর শীতলক্ষা নদীর জায়গা দখল করে জেটি নির্মান অপসারন করার জন্য সিটি গ্রুপ,কামাল ভেজিটে বেল,মোল্লা সল্ট,হাইডেল বার্গ সিমেন্ট এবং সিমেস্ক সিমেন্ট কে নারায়নগঞ্জ জেলা প্রশাসন উচ্ছেদের নোটিশ দেন। উক্ত নোটিশের বৈধতা চ্যালেঞ্জ করে উক্ত প্রতিষ্ঠান হাইকোর্টে আবেদন করলে ২১.০৩.২০১০ তারিখে হাইকোর্ট আবেদন খারিজ করে দেয়। আদেশের বিদ্ধুদ্ধে ৫ টি প্রতিষ্ঠান আপিল বিভাগে আপিল দায়ের করে এবং দীর্ঘ শুনানী শেষে পুর্নাংগ বেঞ্চে ০৩.০৫.২০১০ তারিখে আপিল ডিসমিস করেন। উক্ত রায়ের বিরুদ্ধে ৫ টি প্রতিষ্ঠান আপিল বিভাগে রিভিউ পিটিশন দায়ের করেন এবং কয়েকবার শুনানী অনুষ্ঠিত হয়। শুনানীতে আপিলকারী পক্ষে বলা হয় বৈধ লাইসেন্স নিয়ে **port Act** এর অধীনে জেটি নির্মান করা হয়েছে এবং এর বিরুদ্ধে পদক্ষেপ নেয়া হলে হাজার হাজার শ্রমিক চাকরি হারাবে, বাজারে দ্রব্যমূল্যের উর্ধগতি হবে মালামাল পরিবহন খরচ বারবে। আরও বলেন আইনের সুনির্দিষ্ঠ বিধান ছাড়া জনস্বার্থের মামলায় নির্দেশনা দেওয়া যায়না।

**HRPB** এর পক্ষের কৌশুলি এডভোকেট মনজিল মোরসেদ বলেন রিভিউ পিটিশনে যে সকল যুক্তি দেয়া হয়েছে সেগুলো আপিল শুনানীতে বলা হলেও তা গ্রহনযোগ্য হয়নি সুতারং রিভিউ পিটিশন খারিজযোগ্য। তিনি আরও বলেন নোটিশে শুধুমাত্র নদীর ভিতরে দখল কৃত জায়গা ছেড়ে দিতে বলা হয়েছে, তাতে ইন্ড্রাষ্ট্রি বন্ধ বা শ্রমিকের চাকরি হারানোর কোন কারন নেই। এ যুক্তি দেয়া হচ্ছে শুধুমাত্র অবৈধ স্থাপনা রক্ষা করার জন্য। জলাধার সংরক্ষন আইনের বাধ্যবাধকতা থাকায় ও পরিবেশের জন্যই রীট মামলায় নির্দেশনা দেয়া হয়েছে। শুনানী শেষে আপিল বিভাগ আজ এক রায়ে ৫ টি রিভিউ পিটিশন খারিজ করে রায় দেন প্রধান বিচারপতি জনাব বিচারপতি মোঃ মোজাম্মেল হোসেন,বিচারপতি এস কে সিনহা,বিচারপতি মোঃ আব্দুল ওয়াহহাব মিঞা, বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী এবং বিচারপতি এ,এইচ এম, শামসুদ্দিন চৌধুরী এর আদালত আজ সকালে এ রায় ঘোষনা করেন।

পিটিশনার পক্ষে ছিলেন সিনিয়র এডভোকেট মাহমুদুল ইসলাম এবং সৈয়দ আমিরুল ইসলাম। বিবাদী ও নদীর পক্ষে ছিলেন এডভোকেট মনজিল মোরসেদ। হাইকোর্টে রীট পিটিশনার ছিলেন ৫ আইনজীবী এডভোকেট আসাদুজ্জামান সিদ্দিকী, এড.এখলাছ উদ্দিন ভুইয়া, এড. ছারওয়ার আহাদ চৌধুরী, এড. তপন কান্তি দাস ও এড. মামুন আলিম।

বার্তা প্রেরকঃ-
এইচ আর পি বি ডেস্ক ঃ-
তারিখ ঃ- ১৪.০৭.২০১৪